



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/১৩৩

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭০০তম জরুরি কমিশন সভা অদ্য ১৩/১০/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. LR Global Bangladesh Asset Management Company Ltd. নামক সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কর্তৃক বা উহার ব্যবস্থাপনাধীন ফান্ডসমূহ হতে bdnew24.com-এ ৫০ (পঞ্চাশ) কোটি টাকা বিনিয়োগ শীর্ষক সংবাদের প্রতি কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ সংক্রান্ত সমুদয় তথ্যাদি আগামী চব্বিশ ঘণ্টার মধ্যে কমিশনে দাখিল করার জন্যে উক্ত সম্পদ ব্যবস্থাপক কোম্পানী কে নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কমিশন কর্তৃক এতদসংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রাপ্তি ও বিশ্লেষণের পূর্বে উল্লেখিত বিনিয়োগ ও বিনিয়োগ সংক্রান্ত কার্যক্রম হতে বিরত থাকার জন্যে সংশ্লিষ্ট সকল পক্ষসমূহকে নির্দেশ প্রদানের সিদ্ধান্তও সভায় গৃহীত হয়।
২. শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি., ডিএসই ট্রেক নং ১৭১, এক মাসে দুইবার সেটেলমেন্ট ব্যর্থতার কারণে বর্তমানে ডিএসই'র নির্দেশে উক্ত স্টক ব্রোকারের লেনদেন স্থগিত রাখা হয়েছে। এছাড়াও, উক্ত স্টক ব্রোকারের Consolidated Customer Account-এ ১.৯৮ কোটি টাকা ঘাটতি রয়েছে। ইতোমধ্যে কমিশনের অনলাইন Customer Complaint Address Module (CCAM)-এ শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি: এর বিরুদ্ধে বিনিয়োগকারীদের ৬টি অভিযোগ জমা হয়েছে। উল্লেখিত অনিয়মের বিষয় উদ্ঘাটনের জন্য আজকের সভায় শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি:-এ ডিএসই কর্তৃক পরিদর্শন (inspection) কার্যক্রম পরিচালনা করার জন্য একটি পরিদর্শন দল গঠন করার নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ডিএসই পরিদর্শন দল দুই সপ্তাহের মধ্যে কমিশনে প্রতিবেদন দাখিল করবে। এছাড়াও, শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি: এর ডিপোজিটরি পার্টিসিপেন্ট (DP) সনদ স্থগিত (suspend) রাখার সিদ্ধান্তও গৃহীত হয়। উল্লেখ্য, শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি: এর ডিপি কার্যক্রম স্থগিত থাকাকালীন সময়ে উক্ত প্রতিষ্ঠানের কোন বিও হিসাবধারক চাইলে লিংক একাউন্টের মাধ্যমে তাঁর শেয়ার স্থানান্তর করতে পারবেন। এই জন্য ডিএসই/সিডিবিএল-এ যোগাযোগ করতে হবে।



মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।